যুগান্তর

তারিখ ... 17. AUG. 2015 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৪ ......

সৃজনশীল প্রশ্ন

# চার সচিব ঢাকার ডিসি ও প্রথম আলোকে আইনি নোটিশ

যুগান্তর রিপোর্ট

প্রাথমিক শিক্ষা সমাপনী ও জেএসসি পরীক্ষার্থীদের জন্য সৃজনশীল প্রশ্নের নমুনা ও নমুনা উত্তর প্রকাশনা বন্ধের দাবিতে চার মন্ত্রণালয়ের সচিব, ঢাকার ডিসি ও দৈনিক প্রথম আলোকে আইনি নোটিশ পাঠানো হয়েছে। একই সঙ্গে নোটিশে বাজার থেকে সব প্রকার নোট বই এবং সৃজনশীল গাইডবিশেষ, প্রাথমিক শিক্ষা সমাপনী ও জেএসসি পরীক্ষার্থীদের জন্য সৃজনশীল প্রশ্নের নমুনা উত্তরসংক্রান্ত গাইড প্রত্যাহারের দাবি জানানো হয়েছে। 'আইন অধিকার (বিডি) ফাউন্ডেশন' নামে একটি মানবাধিকার সংগঠন রোববার শিক্ষা সচিব, স্বরাষ্ট্র সচিব, তথ্য সচিব, আইন বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের সচিব, ঢাকার ডিসি ও দৈনিক প্রথম আলো পত্রিকার সম্পাদককে এ নোটিশ পাঠিয়েছে। নোটিশে কোন কর্তৃত্ব বলে প্রথম আলো কর্তৃপক্ষ 'প্রাথমিক শিক্ষা সমাপনী ও জেএসসি পরীক্ষার্থীদের জন্য প্রতিদিন বিশেষ প্রস্তুতি, প্রিয় শিক্ষার্থী, প্রাথমিক শিক্ষা ও সমাপনী সব বিষয়ের যোগ্যতাভিত্তিক ও জেএসসি পরীক্ষার বিভিন্ন বিষয়ের সৃজনশীল প্রশ্নের নমুনা উত্তর' প্রকাশ করছে এবং এটা নোট-বুক (নিষিদ্ধ) আইন-১৯৮০ অনুযায়ী কেন নিষিদ্ধ করা হবে তা জানাতে বলা হয়েছে। সংগঠনটির পক্ষে অ্যাডভোকেট মহিদুল কবির প্রেরিত এ নোটিশের জবাব দু'সপ্তাহের মধ্যে দাখিল করতে বলা হয়েছে। অন্যথায় জনস্বার্থে উচ্চ আদালতে মামলা করা হবে বলে নোটিশে উল্লেখ করা হয়েছে।